বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২

সিপিএস নং-৫৩৩/২০১৮/১৪৭৭৩ তারিখঃ ২৮-০৫-২০১৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক)
১.	সহকারী পরিচালক (চিকিৎসা শিক্ষা) (চুক্তিভিত্তিক নিয়োগ)	০১	(১) চিকিৎসা বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি। (২) চিকিৎসা শিক্ষায় ডিপ্লোমাধারী বা এমএমইডি বা সমমানের ডিগ্রি হতে হবে। (৩) মেডিক্যাল এডুকেশনে চাকুরীর দুই বৎসরের অভিজ্ঞতা বা প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দে'য়া হবে।	অনূর্ধ্ব ৩৫ বছর	৩৫৫০০- ৬৭০১০
২.	সহকারী প্রোগ্রামার	০১	(১) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/গণিত/ পরিসংখ্যান/কম্পিউটার বিজ্ঞান-এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বি.এস.সি (ইঞ্জিনিয়ারিং)। (২) স্বীকৃত কম্পিউটার সোসাইটির ন্যূনতম সহযোগী সদস্য। (৩) সহকারী প্রোগ্রামার হিসাবে ৪ (চার) বৎসরের (কম্পিউটার বিজ্ঞান/ ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ক্ষেত্রে ২ বৎসর) বাস্তব অভিজ্ঞতা।	অনূর্ধ্ব ৩০ বছর	২২০০০-৫৩০৬০
৩.	প্রশাসনিক অফিসার	০১	(১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি। (২) সহকারী প্রশাসনিক কর্মকর্তা হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতা। (৩) কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে ।	অনূর্ধ্ব ৩০ বছর	২২০০০-৫৩০৬০
৪.	সহকারী প্রশাসনিক অফিসার	০১	(১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। (২) প্রশাসন ও অন্যান্য বিভাগের কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা। (৩) কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে।	অনূর্দ্ধ ৩০ বছর	১৬০০০-৩৮৬৪০
৫.	কম্পিউটার অপারেটর	০২	(১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি সম্পন্ন। (২) কম্পিউটারে ডিপ্লোমা থাকতে হবে। (২) কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, এক্সেস এবং যে কোন কাস্টমাইজড সফটওয়্যারে ২ বছর কাজ করার অভিজ্ঞতা।	অনূর্ধ্ব ৩০ বছর	১২৫০০-৩০২৩০
৬.	সিকিউরিটি সুপারভাইজার	০১	(১) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। (২) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।	অনূর্দ্ধ ৩০ বৎসর	১২৫০০-৩০২৩০
৭.	ল্যাব এ্যাটেনডেন্ট	০১	(১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। (২) কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে।	অনূর্ধ্ব ৩০ বছর	৮৮০০-২১৩১০
৮.	লাইব্রেরী এ্যাটেনডেন্ট	০১	(১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। (২) কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে ।	অনূর্ধ্ব ৩০ বছর	৮৮০০-২১৩১০
৯.	ওয়েটার	০১	(১) অষ্টম শ্রেণি পাশ। (২) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।	অনূর্ধ্ব ৩০ বছর	৮২৫০-২০০১০
১০.	অফিস এটেনডেন্ট	০১	অষ্টম শ্রেণি পাশ।	অনূর্ধ্ব ৩০ বছর	৮২৫০-২০০১০
১১.	ক্লিনার	০১	অষ্টম শ্রেণি পাশ।	অনূর্ধ্ব ৩০ বছর	৮২৫০-২০০১০
১২.	মালি	০১	(১) অষ্টম শ্রেণি পাশ। (২) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।	অনূর্ধ্ব ৩০ বছর	৮২৫০-২০০১০

প্রার্থীদের জন্য পালনীয় শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ-

(১) উল্লেখিত পদ সমূহে আবেদনকারীগণকে সাদা কাগজে **"সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস), ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২"** বরাবর আবেদন করতে হবে।

(২) আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর পূর্ণ নাম বাংলায় ও ইংরেজীতে (Capital Letter), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) পদের নাম (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) ২৫-০৬-২০১৮ খ্রিঃ তারিখে বয়স (ঝ) ধর্ম, (ঞ) জাতীয়তা, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতার বিবরণ (ড) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর এবং (ণ) মোবাইল/ফোন নম্বর উল্লেখ করতে হবে। আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে এবং প্রত্যেকটি ছবির পেছনে প্রার্থীর নাম থাকা আবশ্যক।

(৩) প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ কপি ছবি এবং (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(৪) কোন বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের অধীন কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের গ্রেড প্রাপ্ত আবেদনকারীর আবেদন গ্রহণযোগ্য নয়।

(৫) শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

(৬) উল্লিখিত পদসমূহের জন্য কেবলমাত্র সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত বা সমগোত্রীয় প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা বিবেচনা করা হবে।

(৭) চাকুরীতে নিয়োজিত অথবা বিভাগীয় প্রার্থীদেরকে অবশ্যই স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(৮) আবেদনকারীকে খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। একজন আবেদনকারী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

(৯) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক যথাক্রমে স্বাক্ষরিত এবং প্রতি স্বাক্ষরিত/ ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত)-এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

(১০) **"সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্"**-এর অনুকূলে ক্রমিক নং ১ থেকে ৩ পদ সমূহে ৫০০/- টাকার ও ক্রমিক নং ৪ থেকে ৬ পদ সমূহে ৩০০/- টাকার এবং ক্রমিক নং ৭ থেকে ১২ পদ সমূহে ১০০/- টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(১১) প্রার্থীর আবেদনপত্র খাম বন্ধ অবস্থায় অবশ্যই রেজিষ্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগতভাবে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৫-০৬-২০১৮ খ্রিঃ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। উক্ত তারিখ বা সময়ের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

(১২) প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। অসত্য/ভূয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা যাবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৩) বিভাগীয় প্রার্থী ও চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

(অধ্যাপক মোঃ আব্দুল জলিল চৌধুরী)
অনারারি সচিব
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)
৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।